



প্রকল্প পরিচালকের কার্যালয়
ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭



E-mail: infosarker3@bcc.gov.bd, Web Site: http://infosarker3.bcc.gov.bd

স্মারক নং: ৫৬.০১.০০০০.০২৭.০৭.০০১.১৭(অংশ-৫)- ২৬৪৬

তারিখ: ২৭/০৭/২০১৯ খ্রি:

বিষয়ঃ ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে ইউডিসিতে ব্যাল্ডউইথ জরীপকরণ।

সূত্রঃ ১। আইসিটি বিভাগের স্মারক নং- ৫৬.০০.০০০০.০৩২.১৪.০৩০.১৮-৯৮, তারিখ: ১৮/০৭/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নধীন “জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অবকাঠামো উন্নয়ন (ইনফো-সরকার ৩য় পর্যায়)” প্রকল্পটি বর্তমান সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে অন্যতম। প্রকল্পটি মন্ত্রিসভার অনুমোদন মোতাবেক “জাতীয় অগ্রাধিকার প্রকল্প” হিসেবে বিগত ০৬/১২/২০১৮ খ্রিঃ তারিখ গেজেটে প্রকাশিত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে ২৬০০ ইউনিয়নে দ্রুতগতির ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে। ইতোমধ্যে ৬৩টি জেলার প্রায় ২৩০০টি ইউনিয়নের গ্রামীণ জনপদে উচ্চগতির ইন্টারনেট কানেক্টিভিটি পৌঁছে গিয়েছে।

০২। বর্তমানে ইউনিয়ন পর্যায়ে ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে সংযোগকৃত ইন্টারনেট নেটওয়ার্ক ব্যবহার করে ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ ইন্টারনেট সেবা প্রদান করা যাচ্ছে। এই সেবা প্রদানে উদ্যোক্তাগণের সন্তুষ্টির উপর একটি Questionnaire প্রেরণ করা হলো (সংযুক্ত)।

০৩। বর্ণিতাবস্থায়, আপনার জেলার আওতাধীন ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্পের মাধ্যমে সংযোগকৃত ইউনিয়নসমূহে উদ্যোক্তাগণ ইন্টারনেট ব্যবহারে সন্তুষ্ট কিনা তা অত্র সাথে প্রেরিত Questionnaire ব্যবহার করে সংশ্লিষ্ট কর্মকর্তাদের মাধ্যমে জরীপ করে জরীপ প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে- Questionnaire -০১ (এক) পাতা।

২৭/০৭/১৯

(বিকর্ণ কুমার ঘোষ)

প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)

ইনফো-সরকার ৩য় পর্যায় প্রকল্প

মোবাইল নং- ০১৭১৬০৫৪৩১৭

জেলা প্রশাসক

সুন্দারগঞ্জ

জেলা।

অনুলিপি:

১। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

২। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা জেলা।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

৪। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিসিসি।

৫। ব্যবস্থাপনা পরিচালক, ফাইবার এট হোম লিমিটেড।

৬। ব্যবস্থাপনা পরিচালক, সামিট কমিউনিকেশনস লিমিটেড।

৭। জুনিয়র কনসালটেন্ট, বিভাগ, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প।

৮। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার, জেলা, ইনফো সরকার ৩য় পর্যায় প্রকল্প।

৯। চেয়ারম্যান, ইউনিয়ন, উপজেলা, জেলা।

আপনার কর্মরত বিভাগ/জেলার জেলা প্রশাসন কে বর্ণিত জরীপ কার্যক্রম পরিচালনায় সার্বক্ষণিক সহযোগিতা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

